দৈনিক ইত্তেফাক

তারিখ 26 NOV 1992
পৃষ্ঠা 2 কলাম 2

20

## সংঘর্ষের পর ইসলামী বিশ্ববিদ্যালয় ৭ দিনের জন্য বন্ধ ঘোষণা

যশোর অফিস ॥ গতকাল বুধবার ব্যাপক ছাত্র সংঘর্ষের পর কর্তৃপক্ষ ইসলামী বিশ্ববিদ্যালয় সাত দিনের জন্য বন্ধ ঘোষণা করিয়াছেন। বিভিন্ন দাবীতে

(১২শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## ইসলামী বিশ্ববিদ্যালয় বন্ধ ঘোষণা

(প্রথম পৃঃ পর)

লাগাতার ৮ দিন ধর্মঘটের পর গতকাল হইতে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণ ক্লাস লইতে শুরু করেন। বেলা সাড়ে ১১টার দিকে জাসদ (রব) সমর্থিত ছাত্রলীগের সমর্থকরা ছাত্র শিবির বিরোধী বিভিন্ন ধ্বনি দিয়া মিছিল বাহির করে। এই সময় তাহাদের সহিত শিবির কর্মীদের ধাওয়া পাল্টা ধাওয়া শুরু হয়। জাতীয়তাবাদী ছাত্রদলসহ বিভিন্ন ছাত্র সংগঠন শিবির বিরোধী অবস্থান নেয়। উভয় পক্ষের মধ্যে দীর্ঘক্ষণ ধরিয়া সংঘর্ষ চলাকালে ইট-পাটকেল নিক্ষেপ ছাড়াও বোমাবাজি চলতে থাকে। আমাদের ঝিনাইদহ সংবাদদাতা জানান, ২ ঘন্টাব্যাপী সংঘর্ষে উভয়পক্ষের ১৫ জন আহত হয়। পুলিশ ৫/৬ রাউণ্ড কাঁদানে গ্যাস নিক্ষেপ করিয়া পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। পরে বিকাল ৫টার মধ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ ছাত্রদের হল ত্যাগের নির্দেশ দেন। পরে ইসলামী বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংঘর্ষের জের হিসাবে বিকালে গাড়াগঞ্জের নিকট মঞ্জুরুল হক এবং ওয়ালিউল্লাহ নামে দুইজন জামায়াত কর্মী একদল যুবকের হামলায় গুরুতররূপে জখম হয়। যুবকরা তাহাদের মোটর সাইকেলটি পোড়াইয়া দেয়। দুপুরের দিকে টাঙ্গিপাড়ায় শিবির কর্মীদের বহনকারী একটি বাসেও হামলা চালানো হয়।